সমকাল

তারিখ ... 22 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

সাংবাদিককে মারধর

# ক্ষমা চাইলেন শেকৃবির সেই ছাত্রলীগ নেতা

■ শেকৃবি প্রতিনিধি

সাংবাদিককে মারধরের ঘটনায় ক্ষমা চেয়েছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি) ছাত্রলীগের সাধারণ সম্পাদক দেবাশীষ দাশ। গতকাল মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার দিকে শেকৃবি সাংবাদিক সমিতির পক্ষ থেকে ওই ঘটনার বিচারের দাবিতে উপাচার্য বরাবর স্মারকলিপি দিতে গেলে এক সমঝোতা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে দেবাশীষ দাশ ক্ষমা চান ও সাংবাদিকদের ওপর ভবিষ্যতে আর এমন হামলা হবে না বলে কথা দেন।

এ সময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মো. শাদাতউল্লা, কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. হযরত আলী, প্রক্টর প্রফেসর ড. মো. মিজানুর রহমান, ছাত্র উপদেষ্টা অধ্যাপক মো. সেকান্দার আলী, শেকৃবি ছাত্রলীগের সভাপতি নাজমুল হক ও বিশ্ববিদ্যালয়ে কর্মরত সাংবাদিক সদস্যরা উপস্থিত ছিলেন।

এদিকে, সাংবাদিককে মারধরের ঘটনায় অভিযুক্ত দেবাশীষ দাশ ও তার সঙ্গীদের বিরুদ্ধে কোনো শাস্তিমূলক ব্যবস্থা না নিয়ে সমঝোতা বৈঠক করায় হতাশা প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকরা। এতে ভবিষ্যতে সংবাদ প্রকাশে আরও বাধার সম্মুখীন হতে হবে বলে আশঙ্কা প্রকাশ করেছেন তারা।